# হেসে খেলে বাংলা শিখি

## প্রথম খণ্ড



হে আমার রব!
আমার ইলম বৃদ্ধি করে দিন।
(সূরা ত্বহা : ১১৪)

# প্রথম অধ্যায়

## বাংলা ভাষার বর্ণমালা

(নির্দেশনা : শিক্ষক ও অভিভাবকগণ বর্ণ ও বর্ণসমূহের কার বা মাত্রাগুলোর নাম শিশুদের পড়াবেন ও মুখস্থ করাবেন এবং বর্ণসমূহ স্লেট বা খাতায় লেখাবেন )

### স্বরবর্ণ (১১টি বর্ণ)

(মুখস্থ করবে ও লিখবে)

অ আ ই ঈ

উ ঊ ঋ

এ ঐ ও ঔ

# ব্যঞ্জনবর্ণ (৩৯টি)

(মুখস্থ করবে ও লিখবে)

| | | | | |
|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ |
| চ | ছ | জ | ঝ | ঞ |
| ট | ঠ | ড | ঢ | ণ |
| ত | থ | দ | ধ | ন |
| প | ফ | ব | ভ | ম |
| য | র | ল | শ | ষ |
| স | হ | ড় | ঢ় | য় |
| ৎ | ং | ঃ | ঁ | |

# বাংলা কতিপয় বর্ণের শুদ্ধ উচ্চারণ

(নির্দেশনা : শিক্ষক ও অভিভাবকগণ নিজেরা শুদ্ধ উচ্চারণ শিখে শিশুদের শেখাবেন)

## স্বরবর্ণ

| বর্ণ | উচ্চারণ | বর্ণ | উচ্চারণ |
|---|---|---|---|
| অ | অ | আ | আ |
| ই | রশ্‌শো ই | ঈ | দির্‌ঘো ই |
| উ | রশ্‌শো উ | ঊ | দির্‌ঘো উ |
| ঋ | রি | এ | এ |
| ঐ | ওই | ও | ও |
| ঔ | ওউ্ | | |

# ব্যঞ্জনবর্ণ

| বর্ণ | উচ্চারণ | বর্ণ | উচ্চারণ | বর্ণ | উচ্চারণ |
|---|---|---|---|---|---|
| ক | ক | খ | খ | গ | গ |
| ঘ | ঘ | ঙ | উঁঅ্ | চ | চ |
| ছ | ছ | জ | বোর্গিয় জ | ঝ | ঝ |
| ঞ | ইঁঅ্ | ট | ট | ঠ | ঠ |
| ড | ড | ঢ | ঢ | ণ | মুর্ধোন্নো ন |
| ত | ত | থ | থ | দ | দ |
| ধ | ধ | ন | দোন্তো ন | প | প |
| ফ | ফ | ব | ব | ভ | ভ |
| ম | ম | য | অন্তোস্থো জ | র | র |
| ল | ল | শ | তালোব্বো শ | ষ | মুর্ধোন্নো শ |
| স | দোন্তো শ | হ | হ | ড় | ডয়ে বিন্দু ড় |
| ঢ় | ঢয়ে বিন্দু ঢ় | য় | অন্তস্থ অ | ৎ | খন্ডো ত |
| ং | ওনুশ্শার্ | ঃ | বিশর্গো | ঁ | চন্দ্রোবিন্দু |

# স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপসমূহ (কার/মাত্রা)

(মুখস্থ করবে ও লিখবে)

| | | |
|---|---|---|
| অ = নেই | আ = া | ই = ি |
| ঈ = ী | উ = ু | ঊ = ূ |
| ঋ = ৃ | এ = ে | ঐ = ৈ |
| ও = ো | ঔ = ৌ | |

# আরও কিছু সংক্ষিপ্ত রূপ ও চিহ্ন

(মুখস্থ করবে ও লিখবে)

রেফ র্

হসন্ত ্

্র — র ফলা

্য — য ফলা

# দ্বিতীয় অধ্যায়

## বর্ণের ভিত্তিতে ছড়া

(নির্দেশনা : শিক্ষক বা অভিভাবকগণের মুখ হতে শুনে শুনে যতটুকু পারে শিশুরা মনে রাখবে। শিশুদের মুখস্থ করার জন্য চাপ দেবেন না। সব ছড়া মুখস্থ করার দরকার নেই)

### অ অসীম

মহান আল্লাহর অসীম ক্ষমতা
তিনিই আখিরাতের মুক্তিদাতা





### আ আল্লাহ



সিজদাহ করব আল্লাহকে
সুখে-দুখে ডাকব তাঁকে

### ই ইবাদাত



করলে ইবাদাত দুনিয়াতে
জান্নাত মিলবে আখিরাতে

## ঈ ঈমান

মোরা ঈমান নিয়ে চলি
'লা- ইলাহা ইল্লাল্লাহ' বলি





## উ উট



উট হলো মরুর জাহাজ, জুড়ি মেলা ভার
নবির বাহন যে উট, কাসওয়া নাম তার।

## ঊ ঊষা (ভোরের সূর্য)

ঊষার আগে উঠে পড়ি
খাঁটি দিলে যিকির করি।



## ঋ ঋতু



ষড়ঋতুর বাংলাদেশে
আছি সবাই মিলেমিশে।

## এ এক



আল্লাহ এক, শরিক নাই যার
তিনিই প্রভু, সমকক্ষ নাই তার



## ঐ ঐরাবত (হাতি)

বিশাল প্রাণী ঐরাবত
আল্লাহ্ তাআলার কুদরত

## ও ওযু



উত্তমরূপে ওযু করি
জামাতের সাথে নামায পড়ি।



## ঔ ঔষধ

রোগ-ব্যাধিতে ঔষধ খাব
আল্লাহ্‌র কাছে মুক্তি চাব।

## ক কুরআন



কুরআন মাজীদ শিক্ষা করি
সাহাবিওয়ালা জীবন গড়ি

## খ খুতবা



জুমুআর দিনে খুতবা হবে
চুপটি করে শুনব সবে

## গ গান



নাচ-গান করবে যে
জাহান্নামে পুড়বে সে।

## ঘ ঘর



আল-কুরআনের আলো
ঘরে ঘরে জ্বালো

## ঙ আঙিনা (উঠান)



খামার বাড়ির আঙিনাতে,
ওয়াজ মাহফিল হবে রাতে।

## চ চশমা



দাদা-দাদি চশমা পরে
কুরআন পড়ে রোজ ভোরে।

## ছ ছাতা



রোদ-বাদলে ছাতা ধরি
মসজিদে গিয়ে নামায পড়ি

## জ জোনাকি



জোনাকির ওই পাখাতে
আলো দেয় কে রাতে?
আল্লাহ!